

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৬৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পূর্ববতী জাতীর লোকদের উপর আসরের সালাতকে পেশ করা হলে, তারা তা বিনষ্ট করে

ذِكْنُ تَضْيِيعِ مَنْ قَبْلَنَا صَلَاةَ الْعَصْرِ حَيْثُ عُرضت عليهم

## আরবী

1469 ـ أخبرنا أحمد بن مكرم بن خالد البرتي وَأَبُو خَلِيفَةَ قَالَا: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمَدينِيِّ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا أَبِي عَنِ ابْنِ إِسْحَاقَ حَدَّثَنِي يَزِيدُ بْنُ أَبِي حَبِيبٍ عَنْ خَيْرِ بْنِ نُعَيْمٍ الْحَضْرَمِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ هُبَيْرَةَ السَّبَائِيِّ عَنْ أَبِي تَمِيمٍ الْجَيْشَانِيِّ: عَنْ أَبِي بَصْرَةَ الْغِفَارِيِّ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَصْرَ فَلَمَّا عَنْ أَبِي بَصْرَفَ قَالَ: (إِنَّ هَذِهِ الصَّلَاةَ عُرضت عَلَى مَنْ كَانَ قَبْلَكُمْ فضيَعُوها وَتَرَكُوهَا فَمَنْ صَلَّاها مِنْكُمْ كَانَ لَهُ أَجْرُها ضِعفين ولا صلاة بعدها حتى يُرى الشاهد) والشاهد: النحم.

الراوي: أَبُو بَصْرَةَ الْغِفَارِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1469 | خلاصة حكم المحدث.صحيح.

## বাংলা

১৪৬৯. আবৃ বাসরা আল গিফারী রাদ্মিাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে আসরের সালাত আদায় করেন অতঃপর শেষ করে বলেন, "এই সালাত তোমাদের পূর্ববতী জাতীর লোকদের উপর পেশ করা হয়, অতঃপর তারা তা বিনষ্ট করে এবং তা ছেড়ে দেয়। কাজেই তোমাদের তোমাদের মাঝে যে ব্যক্তি এই সালাত আদায় করবে, তার জন্য এর দিগুণ সাওয়াব রয়েছে। এরপর শাহিদ (তারকা) উদিত না হওয়া পর্যন্ত আর কোন সালাত নেই।"[1]

## ফটনোট



[1] মুসনাদ আহমাদ: ৬/৩৯৬; সহীহ মুসলিম: ৮৩০; শারহুল মা'আনিল আসার: ১/১৫৩; নাসাঈ: ১/২৫৯-২৬০; সুনান বাইহাকী: ১/৪৪৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/১৬৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ বাসরা আল গিফারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন